মাদারীপুরে বিদ্যালয় পরিদর্শনে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয় পরিদর্শক- কাজী ফয়জুর রহমান

মোঃ হেমায়েত হোসেন খান :: মাদারীপুরের ডাসারে মহরজান অরফানেজ ফাউন্ডেশনের অর্থায়নে বীর মুক্তিযোদ্ধা কাজী নুরুল ইসলাম বালিকা বিদ্যালয়ের মাধ্যমিক পর্যায়ে বিজ্ঞান ও ব্যবসা শিক্ষা শাখা খোলার অনুমতির জন্য বোর্ড কতৃক বিদ্যালয় পরিদর্শন করেন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের বিদ্যালয় পরিদর্শক প্রফেসর কাজী ফয়জুর রহমান।

শুক্রবার (১৮ এপ্রিল) দুপুরে ডাসার উপজেলার পুর্ব কমলাপুর এলাকার বীর মুক্তিযোদ্ধা কাজী নুরুল ইসলাম বালিকা বিদ্যালয় পরিদর্শন করেন তিনি।

এ সময় বীর মুক্তিযোদ্ধা কাজী নুরুল ইসলাম বালিকা বিদ্যালয়ের কোঅরডিনেটর সৈয়দ শামসুজ্জামান পারভেজ বলেন, আমাদের মহরজান অরফানেজ ফাউন্ডেশনের অর্থায়নে বীর মুক্তিযোদ্ধা কাজী নুরুল ইসলাম বালিকা বিদ্যালয় টি পরিচালিত হয়।

এই বিদ্যালয়ের মাধ্যমিক পর্যায়ে বিজ্ঞান ও ব্যবসা শিক্ষা শাখা খোলার অনুমতির জন্য বোর্ড কতৃক একটা পরিদর্শনের অর্ডার হয়েছে সেজন্য আজ মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের বিদ্যালয় পরিদর্শক প্রফেসর কাজী ফয়জুর রহমান স্যার আমাদের বিদ্যালয় পরিদর্শনে এসেছেন।

তিনি আমাদের বিদ্যালয়ের শিক্ষক কর্মচারী কতজন আছেন কোন বিষয়ে কি আছে সে ব্যাপারে একটা ধারণা নিয়েছেন সরজমিনে দেখেছেন। তিনি এখন সুস্পষ্ট একটি পরিদর্শন প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করলে তার প্রতিবেদনের উপর নির্ভর করেই এই প্রতিষ্ঠানটি মাধ্যমিক পর্যায়ে বিজ্ঞান ও ব্যবসা শিক্ষা শাখা চালু করার অনুমতি পাবে। এ জন্যই তার এখানে আসা।

এ সময় উপস্থিত ছিলেন মহরজান অরফানেজ ফাউন্ডেশনের কোঅরডিনেটর